

তারিখ ১০০
পৃষ্ঠা - ২৪ DEC ২০০২

এসএসসি-এইচএসসির প্রেডিং

৯১-১০০ নম্বরের ধাপ নিয়ে বিড়িভনার আশঙ্কা

স্টাফ রিপোর্টার। এসএসসি এবং এইচএসসি পরীক্ষার খাতা মুল্যায়নে প্রেডিং পদ্ধতি নিয়ে বিজ্ঞাপি সৃষ্টি হয়েছে। বিশেষ করে ৯১ থেকে ১০০ নম্বরের কোন ধাপ থাকবে কিনা এবং থাকলে ছেলেবেয়েরা কিভাবে এ প্লাস পাবে তা নিয়ে মেধাবী ছাত্রছাত্রীদের উৎস-উৎকষ্টার শেষ নেই। কারণ বালা, ইতিহাস থেকে ওর করে এমন কয়েকটি বিষয় আছে যেগুলোতে ৯১ থেকে ১০০ নম্বর পাওয়া পুরোপুরি অসম্ভব। আর দশটি বিষয়ের কোন

(৭ পৃষ্ঠা ১-এর কঠ দেখুন)

৯১-১০০ নম্বরের ধাপ (গুপ্ত পাতার পর)

একটিতে ৯১-এর কম পেলে এ প্লাস হাতছাড়া হয়ে যাবে।

এ ব্যাপারে ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মুহাম্মদ জুনাইদ বলেন, আমরাও চাই না ৯১ থেকে ১০০ নম্বরের ধাপ। কারণ আমরা ছেলেবেয়েদের অমস্ল চাই না। তিনি জানান, প্রেডিং সিস্টেমে সংক্ষার করার সিদ্ধান্ত হয়েছে। কিন্তু কিভাবে এই সংক্ষার হবে তা চূড়ান্ত হয়নি। চেয়ারম্যান আরও জানান, প্রেডিং সিস্টেমে সংক্ষারের ব্যাপারে প্রস্তাব মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে। মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

এদিকে এসএসসি এবং এইচএসসি পরীক্ষা উন্নয়ন করার পক্ষে মাস বাকি থাকতে প্রেডিং সিস্টেমে নিয়ে আলাপ-আলোচনা উরু হওয়ায় পরীক্ষার্থীদের উৎকষ্টা বাড়ছে। এ প্লাস পেতে হলে সব বিষয়ে ৯১ থেকে ১০০ নম্বর পেতে হবে এমন খবরে মেধাবীদের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন অভিভাবক প্রশ্ন রেখেছেন, পরীক্ষার আগেভাগে ছেলেবেয়েরা পড়াশোনা করবে না প্রেডিং নিয়ে ভাববেং তার মতে, প্রেডিং পদ্ধতি যদি সংক্ষার করতেই হয় তাহলে তা খুব শীত্র করে পরীক্ষার্থীদের চেন্শেন থেকে সুজি দেয়া হোক।

জানা যায়, গত দু'বছর ধরে এসএসসি পরীক্ষায় 'এ প্লাস' পাবার জন্ম নয়ের ধাপ ছিল ৮০ থেকে ১০০ এবং 'এ' পাবার জন্ম ধাপ ছিল ৬০ থেকে ৭৯। বিভিন্ন মহল থেকে ৬০ থেকে ৭৯ নম্বরের গ্যাপ ভেঙ্গে দু'টি করার প্রস্তাব ও দাবি উঠেছিল। তবে এ প্লাস অর্থাৎ ৯১ থেকে ১০০ নম্বরের গ্যাপ নিয়ে কোন বক্তব্য শোনা যায়নি। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় ছয়টি ধাপ ভেঙ্গে আটটি ধাপ করেছে এমন খবরের পরিপ্রেক্ষিতে ছাত্রছাত্রীরা উদ্বিগ্ন ও হতাশ হয়ে পড়েছে। অবশ্য ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেছেন, প্রেডিং সিস্টেমের সংক্ষার চূড়ান্ত হয়েছে বলে যে কথা বলা হচ্ছে তা ঠিক নয়।